

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০১৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯৬. (ভুলবশত চার রাক'আতের স্থলে) পাঁচ রাক'আত সালাত আদায় করলে

باب إِذَا صلَّى خَمْسًا

### আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، وَمُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، \_ الْمَعْنَى \_ قَالَ حَفْصٌ حَدَّثَنَا شُعْبَةُ، عَنِ الْحَكَمِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، عَنْ عَبْدِ اللهِ، قَالَ صَلَّى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم الظُّهْرَ خَمْسًا . فَقِيلَ لَهُ أَزِيدَ فِي الصَّلَاةِ قَالَ " وَمَا ذَاكَ " . قَالَ صَلَّيْتَ خَمْسًا . فَسَجَدَ سَجْدَتَيْنِ بَعْدَ مَا سَلَّمَ

\_ صحيح : ق

#### বাংলা

১০১৯। 'আবদুল্লাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের সালাত পাঁচ রাক'আত আদায় করেন। তখন তাঁকে জিজ্ঞেস করা হলো, সালাত কি বৃদ্ধি করা হয়েছে? তিনি বললেনঃ তা আবার কিভাবে! সকলেই বললো, আপনি তো পাঁচ রাক'আত সালাত আদায় করেছেন। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সালাম ফিরানোর পর দু'টি সাহু সিজদা্ করলেন।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

### **English**

'Abd Allah (b. Mas'ud) said :

The Messenger of Allah (ﷺ) prayed five rak'ahs in the noon prayer. He was asked whether the prayer had been extended. He asked what they meant by that. The people said: you prayed five rak'ahs. Then he made two prostrations after having given the salutation.



## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : সালাত, ক্বিলাহ সম্পর্কে বর্ণনা ভুল বশতঃ ক্বিলাহর পরিবর্তে অন্যদিকে মুখ করে সালাত আদায় করলে তা পুনরায় আদায় করা যাদের মতে আবশ্যকীয় নয়, অনুঃ ৪০৪), মুসলিম (অধ্যায় : মাসাজিদ, অনুঃ সালাত আদায়ে ভুল করলে এবং সাহু সিজদা করা) শু'বাহ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন